

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্'র অপকার রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

বয়স বা উহার বরকত কমিয়ে দেয়া

৯. গুনাহ্ বয়স বা উহার বরকত কমিয়ে দেয় যেমনিভাবে নেক কাজ বয়স বা উহার বরকত বাড়িয়ে দেয়। সাওবান (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

لَا يَرُدُّ الْقَدَرَ إِلاَّ الدُّعَاءُ، وَلَا يَزِيْدُ فِيْ الْعُمْرِ إِلاَّ الْبِرُّ.

''ভাগ্য (যা পরিবর্তন যোগ্য) একমাত্র দো'আই পরিবর্তন করতে পারে এবং বয়স বা উহার বরকত নেক কাজ করলেই বেড়ে যায়''।

(হা'কিম ১৮১৪, ৬০৩৮; আহমাদ ২২৪৪০, ২২৪৬৬, ২২৪৯১; আবূ ইয়়া'লা ২৮২; ইন্দু মাজাহ্ ৮৯, ৪০৯৪) জীবন বলতে আত্মার জীবনকেই বুঝানো হয়। আর আত্মার জীবন বলতে সে জীবনকেই বুঝানো হয় যা আল্লাহ্ তা'আলার জন্য ব্যয়িত হয়। নেক কাজ, আল্লাহ্ভীরুতা ও তাঁরই আনুগত্য এ জীবনকে বাড়িয়ে দেয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6582

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন